# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ৫২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৫৮, ৯৬১]

১৩. কিতাবুল ঈদাইন (দুই ঈদের নামায) (كتاب العيدين)

পরিচ্ছেদঃ পায়ে হেঁটে এবং আরোহন করে ঈদ গাহে গমণ করা এবং খুতবার পূর্বে নামায আদায় করা

আরবী

- عَنِ ابْنِ عَبَّاسٍ وَعَنْ جَابِرِ بْنِ عَبْدِاللَّهِ رَضِيَ الله عَنْهُمَا قَالا: لَمْ يَكُنْ يُؤَذَّنُ يَوْمَ الْفِطْرِ وَلا يَوْمَ الأَضْحَى

বাংলা

৫২৪) আব্দুল্লাহ ইবনে আব্বাস এবং জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তারা বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যুগে ঈদুল ফিতর এবং ঈদুল আযহার দিন আযান দেয়া হতনা।

টিকাঃ পাঠক যদি প্রশ্ন করেন আলোচ্য হাদীছের সাথে শিরোনামের মিল কোথায়? উত্তর হল যেহেতু পায়ে হেঁটে বা আরোহন করে ঈদগাহে যাওয়ার নিষিদ্ধতা পাওয়া যায়না, তাই ইমাম বুখারী (রঃ) প্রমাণ করতে চাচ্ছেন উভয়ভাবে ঈদগাহে যাওয়া বৈধ। অথবা তিনি পায়ে হেঁটে ঈদগাহে যাওয়া মুস্তাহাব হওয়ার পক্ষে যে হাদীছটি বর্ণিত হয়েছে তা দুর্বল হওয়ার প্রতি ইঙ্গিত করেছেন। (ফতহুলবারী, ২/৫৮২) খুতবার পূর্বে নামায আদায় করা পূর্বের অধ্যায় এবং পরবর্তী অধ্যায়ে বর্ণিত হাদীছ দ্বারা প্রমাণিত।

## English

`Abbas and Jabir bin `Abdullah, had said, "There was no Adhan for the prayer of `Id-ul-Fitr and `Id-ul-Aqha."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89822

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন